Name of Paper The Daily Ittefaq **Page Number** 13 **Date** Friday 12 August 2005

রাজশাহীতে সিসকোর নেটওয়ার্কিং সনদ পেলেন ১৯ তরুণী

ইউএসএইড ও সিমকোর কর্মকর্তাদের সাথে সকল শিক্ষার্থীরা

দেশে এই প্রথমবারের মত একসাথে ১৯ জন নারী শিক্ষার্থী বিশ্বখ্যাত সিমকোর সার্টিফায়েড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার হিসাবে স্বীকৃতি অর্জন করলেন। গত ১৯ জুলাই রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েটে) শেষ হল তাদের একাডেমিক কার্যক্রম। জানা যায়, সিমকো নেটওয়ার্কিং একাডেমী প্রোগ্রামের আওতায় প্রদত্ত স্কলারশপি নিয়ে এরা নেটওয়ার্কিং বিশেষজ্ঞ হিসেবে কাজ করার ৬ মাস ব্যাপী প্রশিক্ষণ করেন।

এই কার্যক্রমে আর্থিক ও কারিগরী সহায়তা দিচ্ছে ইউএসএইড ও বিশ্বের শীর্ষস্থানীয় নেটওয়ার্ক সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠান সার্ভিস যুক্তরাষ্ট্রের সিমকো সিস্টেমস।

রাজশাহীতে অনুষ্ঠিত সনদবিতরণী অনুষ্ঠানে এই শিক্ষার্থীদের সাফল্য কামনা করে জবস এর কান্ট্রি কো অর্ডিনেটর সিসকো নেটওয়ার্কিং একাডেমী প্রোগ্রাম এরিকা হফম্যান কিস বলেন– তরুণী শিক্ষার্থীদের এই অর্জন প্রমাণ করেছে যে তারাও ভালো কিছু করার মত দক্ষতা ও যোগ্যতা রাখে।

সিসকো সার্টিফায়েড নেটওয়ার্ক এসোসিয়েটস (সিসিএনএ) সনদ পেয়ে অত্যন্ত আনন্দিত রাজশাহীর এইতরুণীরা এদেরই একজন রওনক আনজুমান জানায়- 'আজ থেকে নিজেকে বেশ যোগ্য ও শক্তিশালী মনে হচ্ছে কারণ আমার হাতে এখন আছে সিসকোর আন্তর্জাতিক সার্টিফিকেট।'

ইউএসএইড এর কর্মকর্তারা জানিয়েছেন রাজশাহী ছাড়াও চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয় (চুয়েট), সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকার আহসানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (এআইইউটি) তে এই কার্যক্রম শুরু হয়েছে এবং ভবিষ্যতে সারাদেশেই উৎসাহী নারীরা এতে অংশগ্রহণের সুযোগ পাবেন।

❑ *আইটি ডেস্ক*